

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৬

১/ বিবিধ

আরবী

دفن البنات من المكرمات

موضوع

أخرجه ابن عدي في " الكامل " ( 80 / 2 ) والخطيب ( 7 / 291 ) عن حميد بن حماد عن مسعر بن كدام عن عبد الله بن دينار عن ابن عمر مرفوعا به قلت: وهذا سند ضعيف حميد بن حماد قال ابن عدي: يحدث عن الثقات بالمناكير والحديث غير محفوظ، وقال أبو داود: ضعيف، وبه أعله ابن الجوزي فأورد الحديث في " الموضوعات " ( 3 / 235 ) من هذا الوجه ثم قال: لا يصح، حميد يحدث عن الثقات بالمناكير، وأقره السيوطي في " اللآليء " كالحديث الذي قبله، ومع هذا أورده أيضا في " الجامع الصغير " ! وتعقبه المناوي أيضا بما سبق عن ابن عدي وقال: وحكم ابن الجوزي بوضعه وأقره عليه الذهبي والمؤلف في مختصر الموضوعات ثم تناقض المناوي أيضا، فقال: إسناده ضعيف

বাংলা

১৮৬। মেয়েদের দাফন করা সন্মানজনক কর্ম সমূহের অন্তর্ভুক্ত।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে (২/৮০) এবং খাতীব বাগদাদী (৭/২৯১) হুমায়েদ ইবনু হাম্মাদ সূত্রে ... উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ দুর্বল। হুমায়েদ ইবনু হাম্মাদ সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি নির্ভরশীলদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনা করতেন। হাদীসটি নিরাপদ নয়। আবু দাউদ বলেনঃ এটি দুর্বল। ইবনুল জাওয়াযী হাদীসটির এ কারণই বর্ণনা করেছেন। তিনি এটিকে তার “আল-মাওয়াযাত” গ্রন্থে (৩/২৩৫) উল্লেখ করে বলেছেনঃ হুমায়েদ নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে মুনকার হাদীস বর্ণনা করতেন।

সুযুতী তার (ইবনুল জাওয়াযীর) এ বক্তব্যকে “আল-লাআলী” গ্রন্থে (২/৪৩৮) সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি “জামেউস সাগীর” গ্রন্থে হাদীসটি উল্লেখ করেছেন। এ কারণে ইবনু আদীর কথা উল্লেখ করার মাধ্যমে মানবী তার সমালোচনা করে বলেছেনঃ ইবনুল জাওয়াযী এটিকে জাল হিসাবে হুকুম লাগিয়েছেন। যাহাবী এবং লেখক (সুযুতী) তার এ কথাকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5446>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন